

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৮

আগরতলা, ১১ জুন, ২০২৪

রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে মহিলা  
পদাশ্রী প্রাপক ও কৃতি ছাত্রীদের সন্মাননা

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে আজ কমিশনের কার্যালয় প্রাঙ্গনে এক অনুষ্ঠানে পদাশ্রী দীপা কর্মকার ও পদাশ্রী স্মৃতিরেখা চাকমাকে সন্মাননা জ্ঞাপন করা হয়। তছাড়াও অনুষ্ঠানে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ১৩ জন কৃতি ছাত্রীকে সন্মাননা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বার্ণা দেববর্মা কৃতি ছাত্রীদের পরীক্ষায় শুধু ভাল ফলাফল নয়, সমাজে নিজেদের প্রকৃত মানুষ হিসেবে গড়ে তোলার আহ্বান জানান। তিনি বলেন, সমাজে নারীরা এখনও সমঅধিকার পায়নি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা নারীদের আত্মনির্ভর করার জন্য বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ত্রিপুরা রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, পদাশ্রী দীপা কর্মকার, পদাশ্রী স্মৃতিরেখা চাকমা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিপ্লব ঘোষ এবং ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের সদস্য সচিব মাধব পাল। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য সচিব তিফানি কলই।

অনুষ্ঠানে ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বার্ণা দেববর্মা পদাশ্রী দীপা কর্মকার ও পদাশ্রী স্মৃতিরেখা চাকমার হাতে মানপত্র, উত্তরীয়, পুষ্পস্তবক ও গাছের চারা তুলে দিয়ে সন্মাননা জ্ঞাপন করেন। তাছাড়া চেয়ারপার্সনসহ অন্যান্য অতিথিগণ ১৩ জন কৃতি ছাত্রীর হাতে মানপত্র, উত্তরীয়, পুষ্পস্তবক ও গাছের চারা তুলে দেন। অনুষ্ঠানে ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের ভাইস-চেয়ারপার্সন মধুমিতা চৌধুরী উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*